

Aaj Kal, Kolkata, Aug 10 2012

টি সি এসের আই টি উইজ জিতল লয়োলা

আজকালের প্রতিবেদন: টি সি এস আই টি উইজ ২০১২-র কলকাতা সংস্করণ জিতল জামশেদপুরের লয়োলা স্কুল। বিজয়ীরা অংশ নেবে কলকাতায় ওই কুইজের জাতীয় চূড়ান্ত প্রতিযোগিতায়। কলকাতা সংস্করণে অংশ নিয়েছিল ৫০০-র বেশি স্কুল পড়ুয়া। সেরা পুরস্কার জেতে লয়োলা স্কুলের শুভম আগরওয়াল ও অবিরল দাশগুপ্ত। দ্বিতীয় হয়েছে কলকাতার ন্যাশনাল জেমস হাই স্কুলের সৌম্যজ্যোতি ভট্টাচার্য ও দেবারুণ ব্যানার্জি। পুরস্কার তুলে দেন টি সি এসের গ্লোবাল-এইচআরের নির্বাহী ভাইস প্রেসিডেন্ট ও প্রধান অজয়েন্দ্র মুখার্জি। সঙ্গে ছিলেন টি সি এস কলকাতা-র সেন্টার হেড শ্রীধর বস্তু। অষ্টম থেকে দ্বাদশ শ্রেণীর পড়ুয়ারা এই কুইজে অংশ নেয়।